স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারি প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে বৈশাখ বুধবার, ১৩৭১ ইংরাজী 13th May. 1964 | ৪৮ সংখ্যা



ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seevr

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাচ্ছেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, স্বাস্থ্যহানিকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা গন্ধবিহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

কারিগরি দক্ষতা ও নিপুণতা আমাদের।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M.

আয়ুর্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

**সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে**

জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩০শে বৈশাখ বুধবার সন ১৩৭১ সাল।

# পুরুতকে "ভুরুৎ"

—০—

পুরোহিতকে চলতি কথায় বলে পুরুত। এক তরুণ বয়স্ক যজমান পিতার পরিত্যক্ত বহু ভূ-সম্পত্তির অধিকারী হইয়াও সমস্ত জমিজমা পিতৃঋণে আবদ্ধ থাকায় খুব অসচ্ছল অবস্থায় দিনপাত করিতে থাকে। ঋণদাতা মহাজনগণ তাহার উপর প্রাপ্য টাকার নালিশ করিয়া রেহাণী সম্পত্তি সব নিলামে বিক্রয় করিয়া টাকা আদায়ের ব্যবস্থা করিবার জন্য উদ্যোগ আয়োজন করিতেছে। বিপন্ন যজমান সৎপরামর্শের জন্য পুরুত ঠাকুরের দ্বারস্থ হইলে, পুরুত তাকে বুদ্ধি দিলেন—যখন পাওনাদারেরা তাগাদায় আসিবে তখন পাগলামির ভান করিয়া তাদের মুখের কাছে হাত নাড়িয়া বল্‌বি—"ভুরুৎ"। এই "ভুরুৎ" শব্দ ছাড়া আর কাউকে কোন কথা বলিস্‌ না। ছেলেমানুষ যজমানটি পুরুত ঠাকুরের পরামর্শকেই মুক্তির একমাত্র পন্থা জ্ঞানে যে যখন টাকা চাইতে আসে তাকে বলে—"ভুরুৎ"। সকল পাওনাদারই তার এই অস্বাভাবিক ব্যবহারে সে পাগল হইয়াছে এই বিশ্বাসে আর তার বিরুদ্ধে মামলা মোকদ্দমা করিতে বিরত হইল। দলিল-সব তামাদী হইয়া গেল। তখন যজমান পুরুত ঠাকুরের পরামর্শের গুরুত্ব অনুভব করিতে পারিল।

যজমান অনেকদিন বিপন্ন অবস্থায় থাকায় তাহার পিতামাতার বাৎসরিক শ্রাদ্ধ সব পতিত হইয়া আছে। যজমানের ঋণমুক্তি উপলব্ধি করিয়া পুরুত মশায় একদিন তার কাছে আসিয়া বলিল দেখ্‌ এখন তো বিপন্মুক্ত হয়েছিস, মা-বাপের শ্রাদ্ধ কর্‌। যজমান রাজি হইল। পুরোহিত বলিলেন—আমি সব দ্রব্যাদি বাড়ী হইতে লইয়া যাইব, তুই সে সবের মূল্য ৫০৲ টাকা আমাকে নগদ দিস্‌ তাহলে তোকে কোন ঝামেলা পোহাতে হবে না।

যথাসময়ে পুরোহিত নিজ বাটী হইতে সমস্ত জিনিসপত্র লইয়া গিয়া যজমানের মা-বাপের পতিত শ্রাদ্ধ সম্পন্ন করাইয়া যখন তাঁহার প্রাপ্য ৫০৲ পঞ্চাশ টাকা চাইলেন তখন যজমান পুরুত ঠাকুরের প্রদত্ত পাওনাদার ফাঁকি দেওয়া মন্ত্র "ভুরুৎ" বলিয়া তাঁহার মুখের কাছে হাত নাড়িতে সুরু করিল।

পুরোহিত মহাশয় তাঁহার জিনিসপত্র বস্তাবন্দী করিয়া বাড়ী ফিরিবার সময় যজমানকে বলিলেন—আমার মন্তর আমারই উপর প্রয়োগ করলি বাবা! পুরুতকেই "ভুরুৎ" দেখালি।

---

## দাশরথি রায়ের স্মৃতিস্তম্ভ নির্মাণ

### প্রাথমিক কার্য সম্পন্ন

বর্ধমান ৭ই মে বাংলা লোক সাহিত্যের অন্যতম রথী পাঁচালীকার দাশরথি রায়ের জন্মভূমিতে তাঁহার উদ্দেশ্যে এক স্মৃতিস্তম্ভ নির্মাণের প্রাথমিক ব্যবস্থা সম্পন্ন হইয়াছে। বঙ্গীয় সাহিত্য পরিষদের বর্ধমান শাখার উদ্যোগে এই স্মৃতিস্তম্ভ নির্মিত হইয়াছে। কবি দাশরথি রায় এখান হইতে ৬ মাইল দক্ষিণে অবস্থিত বাঁধমুড়া গ্রামে বাংলা ১২১০ সালের ১০ই বৈশাখ জন্মগ্রহণ করিয়াছিলেন। ২৫ বৎসর পূর্বে তৎকালীন বর্ধমানাধিপতি স্যর বিজয়চাঁদ মহাতাবের বদান্যতায় কবির উদ্দেশ্যে একখানি স্মৃতিফলক তৈয়ারী হইয়াছিল এবং তাহা কবির বংশধরগণের গৃহের দেওয়ালে সন্নিবেশিত আছে।

স্থানীয় বঙ্গীয় সাহিত্য পরিষদের পক্ষ হইতে কয়েকজন সদস্য সম্প্রতি কবির জন্মস্থান ও ভিটা পর্য্যবেক্ষণ করিয়া আসিয়াছেন। ঐ স্থানে এই প্রস্তাবিত স্মৃতি স্তম্ভ নির্মিত হইবে। এই স্মৃতিস্তম্ভ নির্মাণকল্পে একটি কমিটি গঠিত হইয়াছে। উক্ত স্মৃতিরক্ষা সমিতি দেশবাসীর নিকট অমর পাঁচালীকারের স্মৃতিরক্ষার জন্য সর্বপ্রকার সাহায্যের আবেদন করিয়াছেন। স্মৃতিরক্ষার জন্য সাহায্য বর্ধমান শাখা বঙ্গীয় সাহিত্য পরিষদের নিকট পাঠাইতে হইবে।

---

## পাকিস্তানে পলাতক দুই আসামী

### সীমান্ত রক্ষীদল কর্ত্তৃক পুনরায় গ্রেপ্তার

এক চুরি মামলার আসামী পিতা ও পুত্র আদালত হইতে জামিনে খালাস পাইয়া পাকিস্তানে পলায়নের পর পুনরায় ধরা পড়িয়াছে। প্রকাশ যে জঙ্গিপুর মহকুমার অন্তর্গত সজনীপাড়ার আমেরিকান লুথারিয়ান চার্চের দাতব্য চিকিৎসালয়ে গত ৬ই এপ্রিল রাত্রিতে সংঘটিত চুরি সম্পর্কে মেরুপুরের কাটু কাসিম ও তাহার পুত্র মঞ্জুর আলিকে বমাল গ্রেপ্তার করিয়া জঙ্গিপুর আদালতে চালান দেওয়া হয়। সেখান হইতে তাহারা আট হাজার টাকার জামিনে খালাস পায়। অতঃপর কাটু কাসিম তাহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি গোপনে হস্তান্তরিত করিয়া পাকিস্তানে পলায়ন করে। গত ২রা মে বেলা ৪টার সময় চাঁদনীচক বি ও পি ক্যাম্পের অবজারভেটারী হইতে ক্যাম্পের হাবিলদার দূরবীণযোগে দুইজন লোককে পাকিস্তান সীমান্ত পার হইয়া ভারতীয় এলাকায় আসিতে দেখিয়া তৎক্ষণাৎ ৮ জন সীমান্তরক্ষীকে তাহাদিগকে ধরিবার জন্য পাঠাইয়া দেন। সীমান্তরক্ষিগণ এক স্থানে তাহাদের প্রতীক্ষায় আত্মগোপন করিয়া থাকে। উক্ত দুইজন তাহাদের নিকটে আসিবামাত্র সীমান্তরক্ষিগণ তাহাদিগকে ধরিবার চেষ্টা করিলে তাহারা দুইখানি ছোরা লইয়া সীমান্ত বাহিনীকে আক্রমণ করিতে উদ্যত হয়। সীমান্ত বাহিনী রাইফেলের সাহায্যে তাহাদিগকে গ্রেপ্তার করিয়া থানায় আনিবামাত্র তাহাদিগকে আসামী কাটু কাশিম ও তাহার পুত্র মঞ্জুর আলি বলিয়া সনাক্ত করা হয়। কাটু কাশিম প্রকাশ করে যে, সে তাহার স্ত্রীকে সীমান্তে এক বাড়ীতে রাখিয়া গিয়াছিল। তাহাকে পাকিস্তানে লইয়া যাইবার জন্য তাহারা আসিতেছিল। তাহাদের সহিত আরও দুইজন পাকিস্তানীকে গ্রেপ্তার করা হয়। তাহাদের সকলকে জঙ্গিপুর কোর্টে চালান দেওয়া হইয়াছে।

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে**
**মুক্তহস্তে দান করুন**

## বিধান সভার খসড়া ভোটার তালিকা

জঙ্গিপুর মহকুমার ৪১নং ফরাক্কা, ৪২নং সুতী, ৪৩নং জঙ্গিপুর ও ৪৪নং সাগরদীঘি বিধান সভা সমূহের খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হইয়াছে। নির্ব্বাচনিক নিবন্ধন আধিকারিকের অফিস, বিভিন্ন থানা, বি-ডি-ও অফিস, সরকারী অফিস অঞ্চল পঞ্চায়েত ও পৌর সভার অফিস-গুলিতে ভোটার তালিকা জনসাধারণের দেখিবার জন্য টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে।

আগামী ৪ঠা জুন পর্য্যন্ত ভোটার হইবার আবেদন ও আপত্তি-সমূহ গৃহীত হইবে। প্রত্যেকেই নিজ নিজ এলাকার বি-ডি-ও অফিসে নাম তালিকাভুক্ত বা আপত্তি দাখিল করিতে পারিবেন। এজন্য সরকারী কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় ফরম কিনিতে পাওয়া যাইবে।

## বহরমপুরের ডাক তার কর্ম্মীদের রবীন্দ্র জয়ন্তী

গত ২৫শে বৈশাখ সন্ধ্যা সাড়ে ছয় ঘটিকার সময় বহরমপুরের ডাক-তার ও আর-এম-এস কর্ম্মীবৃন্দ ষ্টাফ ক্যান্টিনে ভাব-সমাহিত পরিবেশে কবিগুরু রবীন্দ্রনাথের ১০৩ তম জন্মদিবস পালন করেন। এই অনুষ্ঠানে বহরমপুর ডাকঘরের পোষ্টমাষ্টার শ্রীতারাপদ বসু সভাপতির এবং মুর্শিদাবাদ ডাক-তার বিভাগের সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীবামাপদ বন্দ্যোপাধ্যায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। শ্রীমতী কেয়া গুপ্তার উদ্বোধন সঙ্গীতের পর ডাকঘরের করণিক শ্রীপার্ব্বতী পাল-চৌধুরী কবিগুরুর পরশ পাথর কবিতাটি আবৃত্তি করেন। অতঃপর সর্ব্বশ্রী কনক চট্টোপাধ্যায়, প্রভাত গোস্বামী, ব্রজ ঘোষ, সত্যনারায়ণ পাল, করুণাময় সরকার ও সেভিংস কনট্রোল স্কীমের শম্ভুনাথ দাস তাঁহাদের বক্তৃতায় কবিগুরুর প্রতিভার বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করেন। সভাপতি মহাশয় তাঁহার ভাষণে মানুষ রবীন্দ্রনাথ সম্পর্কে এক মনোজ্ঞ ভাষণ দেন। অতঃপর ধন্যবাদ প্রদানান্তে সভার কার্য্য শেষ হয়।

## খুনী আসামী দায়রা সোপর্দ্দ

সদর কোতয়ালীর অন্তর্গত সাহাজাদপুরে জনৈক বাহাসতুল্লা সেখকে খুনের অভিযোগে গত ৩০শে এপ্রিল তারিখে বহরমপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট শ্রীরথীন্দ্রকুমার বিশ্বাস ভারতীয় দণ্ডবিধির ৩০২ ধারামতে দায়রা সোপর্দ্দ করেন। ঘটনার বিবরণে প্রকাশ গত ৩রা অক্টোবর (১৯৬৩) সন্ধ্যার পর বহরমপুর সাবরেজিষ্টারী অফিসের জনৈক দলিল লেখক মহম্মদ কিমার হোসেন সাইকেল যোগে বহরমপুর হইতে স্বগ্রাম সাহাজাদপুরে যাইতেছিল সেই সময় আক্রোশবশতঃ আসামী বাহাসতুল্লা সেখ তাহাকে একখানি হাসুয়া লইয়া আক্রমণ করে এবং কোপাইয়া খুন করে। কিমার হোসেন ঘটনাস্থলেই মারা যায়। কিছু গ্রামবাসী আসামীকে হাসুয়া হাতে পলাইতে দেখিয়াছিল।

## কনেষ্টবলের দণ্ড

বহরমপুর রিজার্ভ অফিসের শ্রীরবীন্দ্রনাথ দাস নামক জনৈক সাসপেণ্ডেড কনেষ্টবলকে পুলিস সুপারের আদেশ অমান্য করার অভিযোগে পুলিস আইনের ২৯ ধারা মতে দোষী সাব্যস্ত করিয়া বহরমপুরের জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট একশত টাকা অর্থদণ্ড অনাদায়ে একমাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেন।

## হাওড়া ষ্টেশনে ১২২টি টিকিট ঘর

রবিবার হাওড়া ষ্টেশনে বহির্গামী রেলযাত্রীর সংখ্যা অত্যধিক বৃদ্ধি পায় বলিয়া জানা গিয়াছে। ঐদিন ৩,১৭,৮০১-৩৭ নয়া পয়সার টিকিট বিক্রয় হয়। রবিবার যাত্রী-সংখ্যা প্রায় ৬০ হাজার হয়। অন্যান্য দিন গড়পড়তা যাত্রী-সংখ্যা থাকে প্রায় ৩৮ হাজার এবং টিকিট বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ থাকে দেড় লক্ষ টাকা।

যাত্রী-সংখ্যা বৃদ্ধি পাওয়ায় রেল-কর্তৃপক্ষ আরও ১০টি অতিরিক্ত টিকিট ঘর খুলিয়াছেন। বর্ত্তমানে হাওড়া টিকিট-ঘরের সংখ্যা ১২২টীতে দাঁড়াইয়াছে বলিয়া জানা গিয়াছে।

## রবীন্দ্র জন্মবার্ষিকী উৎসব

কবিগুরু রবীন্দ্রনাথের জন্মদিন বৈশাখের ২৫শে তারিখে। অতুলনীয় কবি রবীন্দ্রনাথের তুলনা রবীন্দ্রনাথ। যেমন,

"গগনং গগনাকারং
সাগরং সাগরোপমঃ।"

অর্থাৎ আকাশ আকাশের মত এবং সমুদ্র সমুদ্রের মত।

আমাদের জঙ্গিপুর মহকুমার প্রত্যেক বিদ্যালয়ে ও লাইব্রেরী সমূহে রবীন্দ্র জন্মবার্ষিকী উৎসব প্রতিপালিত হইয়াছে। যেমন গঙ্গাজলেই গঙ্গাপূজা হইয়া থাকে, তেমনই রবীন্দ্র পূজার নৈবেদ্যাদি রবীন্দ্র রচনা হইতেই সংগৃহীত হইয়া থাকে।

## বর্দ্ধমানে ৩০ হাজার মণ ধান আটক

বেআইনী ভাবে ধান মজুত রাখার অভিযোগে পুলিশ বর্দ্ধমান জেলার প্রায় একশত স্থানে হানা দিয়া ৩০ হাজার মণ ধান আটক করিয়াছে। যাহাদের ধান আটক হইয়াছে তাহাদের মধ্যে অনেকেরই ধান মজুত করার লাইসেন্স ছিল না। কতজন মিলমালিক বা আড়তদার ধরা পড়িয়াছেন তাহা প্রকাশ পায় নাই। বর্দ্ধমান ছাড়া অন্য কোন জেলায় এ বিষয়ে কোন উল্লেখযোগ্য সংবাদ পাওয়া যায় নাই।

## নোটিশ

কান্দি—ঝিকারহাটি রুটে একটি বাস চালাইবার স্থায়ী রুট পারমিটের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিস হইতে নির্ধারিত ফরম পাওয়া যাইবে। প্রত্যেক দরখাস্তের সহিত দরখাস্ত ফী বাবত ৫ টাকা জমা দেওয়ার ট্রেজারি চালান যুক্ত করিতে হইবে। তাহা না করিলে দরখাস্ত বিবেচিত হইবে না। ১৯৬৪ সালের ২৯শে মে পর্য্যন্ত দরখাস্তসমূহ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক অফিসের সময়ে (বিকাল ৫টার মধ্যে) গৃহীত হইবে। স্বাঃ এম, সি, দত্ত, সেক্রেটারি, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ম

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

---



★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

# কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
যাগড়া মুর্শিদাবাদ

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।